



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী

e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd

online news portal: rcbarta.com, fax: 02588855475



স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৪.৭৮২

তারিখ: ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৩ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: বাংলা নববর্ষ ১৪৩১ উপলক্ষ্যে মাটির পুতুল, ঘর, নৌকা ইত্যাদি তৈরি, আল্পনা আঁকা এবং ঘুড়ি তৈরি প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে

সূত্র: স্মারক নং-৪৩.২৬.৫০০০.০০০.২৩.০০৭.২১.৩২, তারিখ: ০১/০৪/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ও গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় গণগ্রন্থাগার, রাজশাহীর উদ্যোগে আগামী ১৬ এপ্রিল 'বাংলা নববর্ষ ১৪৩১' উদযাপন উপলক্ষ্যে মাটির পুতুল, ঘর, নৌকা ইত্যাদি তৈরি, আল্পনা আঁকা এবং ঘুড়ি তৈরি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় রাজশাহী কলেজের শিক্ষার্থীদের সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

ক্রমিক নং	গ্রুপ	শ্রেণি	প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতার স্থান, সময় ও তারিখ	মন্তব্য
১	খ	উচ্চ মাধ্যমিক	মাটির পুতুল/ঘর/নৌকা/আল্পনা আঁকা/ঘুড়ি তৈরি	আগামী ১৬/০৪/২০২৪ খ্রি: দুপুর ০২:৩০ মি. স্বশরীরে উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে হবে।	

প্রতিযোগিতার স্থান: বিভাগীয় সরকারী গণগ্রন্থাগার, রাজশাহী

শর্তাবলী:

- প্রতিযোগিতার শুরু হওয়ার ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে সংশ্লিষ্ট কেন্দ্রে উপস্থিত হয়ে প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম এবং শিক্ষা প্রতিষ্ঠানের নামসহ অভিভাবকের মোবাইল নম্বর উল্লেখপূর্বক রেজিস্ট্রেশন করতে হবে। এছাড়া স্টুডেন্ট আইডি কার্ড এর ফটোকপি জমা দিতে হবে।
- প্রতিযোগিতার পুতুল/ঘর/নৌকা তৈরির প্রয়োজনীয় মাটি ও আল্পনা আঁকার জন্য আর্ট পেপার অত্র গ্রন্থাগার থেকে সরবরাহ করা হবে এবং ঘুড়ি তৈরির জন্য সরঞ্জাম প্রতিযোগীকে সাথে নিয়ে আসতে হবে।
- প্রতিযোগিতা সংক্রান্ত অন্যান্য সরঞ্জাম সাথে আনতে হবে।

০৩/০৪/২০২৪

✓ অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

০২৫৮৮৮৫৫৪৭৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- বিভাগীয় প্রধান (সকল), রাজশাহী কলেজ, রাজশাহী (স্ব স্ব বিভাগের শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ);
- প্রধান সহকারী, রাজশাহী কলেজ, রাজশাহী;
- সংরক্ষণ নথি।